মেহেরপুরে গ্রাম আদালত কার্যক্রমে জনসচেতনতা বৃদ্ধিতে সমন্বয় সভা

“গ্রাম আদালত কার্যক্রম” সম্পর্কে জনসচেতনতা তৈরিতে প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনায় মেহেরপুরে স্থানীয় অংশীজনদের সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) সকাল ১০ টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

স্থানীয় সরকারের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ তরিকুল ইসলামের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

সভায় বক্তারা গ্রাম আদালতের কার্যক্রম ও এর উপকারিতা নিয়ে আলোচনা করেন। তাঁরা জনসচেতনতা বৃদ্ধিতে স্থানীয় অংশীজনদের ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন এবং প্রচার কার্যক্রম আরও কার্যকর করার জন্য বিভিন্ন পরিকল্পনা উপস্থাপন করেন।

এছাড়াও এসময় অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেন, সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ আব্দুল্লাহ আল আমিন (ধুমকেতু), জেলা তথ্য অফিস আবদুল্লাহ আল মামুন, ডি এম মোঃ আছাদুজ্জামান, প্রোগ্রাম ও ফাইনান্স মোঃ শাহাজুল ইসলাম, ব্র্যাক জেলা সমম্বয়ক শেখ মনিরুল হুদা, জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উপ-পরিচালক এ জে এম সিরাজুল মূনীরসহ জেলার বিভিন্ন স্থানীয় প্রতিনিধি, সরকারি কর্মকর্তা ও অংশীজনরা অংশগ্রহণ করেন।

গাংনীতে জনসচেতনতা বৃদ্ধিতে নারী সমাবেশ অনুষ্ঠিত

গাংনীতে উন্নত রাষ্ট্র ও জাতি গঠনে সমাজের প্রান্তিক পর্যায়ে মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ, সাম্প্রদায়িকতা, গুজব ও অপপ্রচার এবং বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের মুক্ত মঞ্চে দিনব্যাপি নারী সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহযোগীতায় মেহেরপুর জেলা তথ্য অফিস এই নারী সমাবেশের আয়োজন করে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি সাজিয়া সিদ্দিকা সেতু’র সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা প্রশাসক শামীম হাসান।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভীর হাসান, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

সমাবেশে শিক্ষার্থীদের সঞ্চালনায় শুভেচ্ছা বক্তব্য রাখেন, জোড়ুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জোড়পুকুরিয়া গ্রামের কৃতিসন্তান সোনালী ব্যাংকের কর্মকর্তা হাশেম উদ্দীন, সাহারবাটি ইউপি সদস্য সাহাবুউদ্দীন সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ।

একইসাথে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ,অভিভাবক বৃন্দ ও শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠানের ২য় পর্বে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।